

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৮১.২০১৭/০৮

তাং ২২-০৬-২০১৭খ্রিঃ।


বিষয় : মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়ের প্রসঙ্গে।

সূত্র : উপজেলা-১ শাখার ইউ,ও,নোট নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫০.২০১৪-৭১০ তাং- ০৪ জুন, ২০১৭ খ্রিঃ।

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আবু সোলায়মান সরকার এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে এ বিভাগের ১৮/১১/২০১৪ তারিখের ১১০৬ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ দায়ের করা হয়। মাননীয় আদালত কর্তৃক রীট পিটিশন নং- ৫২৮৪/২০১৭ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য উপজেলা-১ শাখা হতে আইন অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। রীট মামলাটি প্রতিহস্তিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক

০২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট এ বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


২২.৬.১৭
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
৯৫৪০৯৯৫

জেলা প্রশাসক
গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অফিস কপি/মাস্টার কপি।